

মাসঃ ডিসেম্বর

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ডিসেম্বর/২০২১ মাসের সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মোঃ মশিউর রহমান মৃধা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর।  
স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর এর কার্যালয়।  
তারিখ : ০২/১২/২০২১ খ্রিঃ।  
সময় : বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিতিঃ পরিশিষ্ট ক-তে সংযোজিত।

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর এর অফিসকক্ষে ০২/১২/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সবার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতির সম্মতিক্রমে সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার, ভাঙ্গারিয়া, পিরোজপুর বিগত সভার মন্তব্য পাঠ করে শোনান এবং সকলের সম্মতিক্রমে কোন সংশোধনী ছাড়াই সভায় দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নে বর্ণিত বিষয় সমূহ বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	১ম থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক মূল্যায়ন	১ম থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক মূল্যায়ন এবং পরবর্তী শ্রেণিতে প্রমোশন দেয়া নিয়ে সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। ১) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ করে মূল্যায়নের মাধ্যমে উপরের শ্রেণিতে প্রমোশনের ব্যবস্থা করা। ২) যে সকল শিক্ষার্থী একেবারেই যে শ্রেণিতে ২০২১ সনে অধ্যয়নরত ছিল সে শ্রেণির যোগ্যতা অর্জন করেনি তাদের অভিভাবকদের সাথে আলোচনা করে ২০২২ শিক্ষাবর্ষে ঐ শ্রেণিতে পুনরাবৃত্তি করা।	এইউই (সকল), প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক।
০২	৫ম শ্রেণির শিক্ষার্থীদের ২০২১ শিক্ষাবর্ষের ৫ম শ্রেণি পাশের প্রত্যয়ন পত্র প্রদান।	৫ম শ্রেণির শিক্ষার্থীদের ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য ৫ম শ্রেণি পাশের প্রত্যয়নপত্র প্রদান সম্পর্কে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। ১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ কর্তৃক প্রাপ্ত প্রত্যয়ন পত্রের আলোকে প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিজ নিজ বিদ্যালয়ে প্রত্যয়নপত্র তৈরি করে প্রধান শিক্ষকের স্বাক্ষরে আগামী ০১/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ৫ম শ্রেণিতে উত্তীর্ণ প্রত্যেক শিক্ষার্থীকে প্রদান করবেন।	এস.এম.সি ও কর্মরত সকল শিক্ষক।
০৩	২০২২ শিক্ষাবর্ষের বিনা মূল্যের পাঠ্যপুস্তক বিতরণ	বিদ্যালয় পর্যায়ে ২০২২ শিক্ষাবর্ষের পাঠ্য পুস্তক সকল শিক্ষার্থীর হাতে ০১/০১/২০২২ খ্রিঃ তারিখে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করা হয় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। ১) উপজেলা পর্যায়ে বিনামূল্যের বই পৌঁছানোর সাথে সাথেই প্রত্যেকটি বিদ্যালয়ের চাহিদা অনুযায়ী প্রধান শিক্ষকের নিকট বই পৌঁছাতে হবে। ২) কোভিড-১৯ এর কারণে বিদ্যালয়ে ০১/০১/২০২২ খ্রিঃ তারিখ বই উৎসব না করে প্রত্যেকটি শ্রেণির ছাত্র/ছাত্রী আলাদা আলাদা সময়ে উপস্থিত করে তাদের মাঝে বই বিতরণ করতে হবে।	ইউইও, এইউইও, কর্মরত শিক্ষক গণ।
০৪	বিদ্যালয় পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস উদযাপন।	মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে প্রতিটি বিদ্যালয়ে বিজয় দিবস উদযাপন উপলক্ষে সরকারি বরাদ্দ ছাড়াও উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় প্রতিটি বিদ্যালয়ে ৫০০০ (পাঁচ হাজার) টাকা নিজস্ব তহবিল থেকে প্রদান করেছেন। এই অর্থ যথাযথভাবে ব্যয় করে যথাযোগ্য	কর্মরত শিক্ষক ও এস.এম.সি



		<p>মর্যাদায় বিজয় দিবস উদযাপনের জন্য সভায় আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১) প্রতিটি বিদ্যালয়ে লাইটিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২) প্রতিটি বিদ্যালয়ে মুক্তিযোদ্ধাদের আমন্ত্রণ করে তাদের কাছ থেকে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে শিশুদের জানানো।</p> <p>৩) সরকারি নির্দেশনা অনুযায়ী অন্য সকল কাজ বাস্তবায়ন করা</p>	
০৫	বিবিধ	বিবিধ বিষয়ে কোন আলোচনা নেই।	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মশিউর রহমান মৃধা)  
সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ভাণ্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নং : উ:শি:অ:/ভাণ্ডা/ ৬২৪ (৩)

তারিখ : ০২/১২/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
- ২। উপজেলা নিবাহী অফিসার, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
- ৩। জনাব ..... সদস্য প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ভাণ্ডারিয়া, পিরোজপুর।
- ৪। সংরক্ষন নথি।

(মোঃ নাছির উদ্দিন খালিফা)  
সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:)

ভাণ্ডারিয়া, পিরোজপুর।

উন্নয়ন কর্মসূচির নাম ও সূচী

ক্রমিক	নাম ও পদবী	সূচী
০১.	- উন্নয়ন (চলবে ২০২২) উপজেলা পরিষদ - হাজরা, নিরোজপুর	সহকারী 21/2/21
০২.	জনাব মিলি কুর. বরমান (ইন্স) - উন্নয়ন (চলবে ২০২২) উপজেলা পরিষদ	সহকারী 21/2/21
০৩.	জনাব মোঃ মজিবুর বরমান (ইন্স) - উন্নয়ন (চলবে ২০২২) উপজেলা পরিষদ	সহকারী -
০৪.	জনাব জামু উদ্দিন - উন্নয়ন (চলবে ২০২২) উপজেলা পরিষদ	সহকারী - 21/2/21
০৫.		
০৬.		
০৭.	উন্নয়ন (চলবে ২০২২) উপজেলা পরিষদ - হাজরা, নিরোজপুর	সহকারী 21/2/21

অন্যান্য বিষয়

- ০১. সম্মেলন (১ম স্তর) - শিক্ষার্থীদের আর্থিক সূচনা
- ০২. ১ম স্তর - শিক্ষার্থীদের ১ম স্তর পর্যায় পর্যায় পর্যায়
- ০৩. ২০২২ - শিক্ষার্থীদের - শিক্ষার্থীদের - শিক্ষার্থীদের
- ০৪. শিক্ষার্থীদের (১ম স্তর) - শিক্ষার্থীদের - শিক্ষার্থীদের
- ০৫. বিবিবি.